রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন ব্যক্তিকে অপর এক ব্যক্তির প্রশংসা করতে শোনেন। আর সে প্রশংসায় বাড়াবাড়ি করছিল। তখন তিনি বললেন, তুমি তাকে ধ্বংস করলে অথবা তিনি বললেন, লোকটির পিট ভেঙ্গে দিলে।

আবূ মূসা আশ-আশ‘আরী রাদিয়াল্লাহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন ব্যক্তিকে অপর এক ব্যক্তির প্রশংসা করতে শোনেন। আর সে প্রশংসায় বাড়াবাড়ি করছিল। তখন তিনি বললেন, তুমি তাকে ধ্বংস করলে অথবা তিনি বললেন, লোকটির পিট ভেঙ্গে দিলে।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একজন ব্যক্তিকে অপর এক ব্যক্তির ভালোা প্রশংসা করতে শোনেন। তবে লোকটি প্রশংসায় খুব বাড়াবাড়ি করছিল। তার এমন সব ভালো গুণাগুণ আলোচনা করছিল যা তার মধ্যে নেই। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম না করলেন এবং তিনি জানালেন যে, এটি তার ধ্বংসের কারণ হতে পারে। কারণ, এতে প্রশংসিত ব্যক্তি নিজেকে বড় মনে করতে বা বড়াই করতে সুযোগ পায়।

https://sunnah.global/hadeeth/bn/show/5734